

নথি অফিসঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)

নথি শাখাঃ পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ

মুদ্রনকারীঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা), পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ

নথি নম্বরঃ ৪৬.০৫.০০০০.৪৩৩.২৬.০৪৭.২৪ নথির বিষয়ঃ Repair, maintenance & engine overholing of double cabin nissan pick-up(Dhaka Metro-tha-11-4803) under PSTP.

নোটঃ ১ নোটের বিষয়ঃ Repair, maintenance & engine overholing of double cabin nissan pick-up(Dhaka Metro-tha-11-4803) under PSTP কাজের প্রাক্কলন অনুমোদন প্রসংগে।

অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ২৫/৮/২৪ ১:৫৮ অপরাহ্ন

সংযুক্ত ক্রঃ নং ০১ হতে ০৬ দয়া করে দেখা যেতে পারে। পাগলা পয়ঃ শোধনাগার বিভাগের আওতাধীন ঢাকা মহানগরীর বিভিন্ন স্থানে সচল ১৭টি পয়ঃ উত্তোলন কেন্দ্র (এস.এল.এস) রয়েছে। উক্ত এস.এল.এস গুলোর মাধ্যমে ঢাকা মহানগরীর পয়ঃ সমূহ ট্রাংক মেইনের মাধ্যমে নারিন্দা কেন্দ্রীয় পয়ঃ পাম্পিং হয়ে পাগলা পয়ঃ শোধনাগারে বিভিন্ন প্রক্রিয়ায় অর্থাৎ লিফটিং পাম্প, সেডিমেন্টেশন ট্যাংক ও ফ্লোকুলেন্টিভ লেগুনে এরোবিক ও এ্যানারোবিক প্রক্রিয়ায় পয়ঃ শোধন করে আউটফল পাম্পিং স্টেশনের মাধ্যমে পাম্পিং করে সর্বশেষ ধাপে ডিসচার্জ চেম্বারে লিকুইড ক্লোরিন গ্যাস মিশ্রিত করে ভূ-গর্ভস্থ পাইপ লাইনের মাধ্যমে পরিশোধিত পানি কালেকটিং চেম্বার হয়ে বুড়িগঙ্গা নদীতে ডিসচার্জ করা হচ্ছে। অত্র বিভাগের আওতাধীন নারিন্দা কেন্দ্রীয় পয়ঃ লিফটিং স্টেশনসহ সচল ১৭ টি এস.এল.এস এ প্রতিনিয়ত বিভিন্ন ধরনের ইলেকট্রো-মেকানিক্যাল ও অন্যান্য ত্রুটি দেখা দেয়। যা তাৎক্ষণিক বিভাগীয় জনবলের মাধ্যমে মেরামত ও রক্ষণাবেক্ষণ করে এস.এল.এস গুলো চালু রাখতে হয়। উক্ত মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজের জন্য অত্র বিভাগে ১টি মাত্র ডাবল কেবিন পিক-আপ রয়েছে। যার নম্বর ঢাকা মেট্রো-ঠ-১১-৪৮০৩। বিদ্যমান গাড়িটি ড্রেনেজ বিভাগ হতে অত্র বিভাগের অনুকূলে বরাদ্দ দেয়া হয়েছিল। গাড়িটি বেশ পুরাতন হওয়ায় প্রায়শই নস্ট/অকেজো হয়ে যায়। গাড়ি চালানোর সময় কালো ধোঁয়া বের হচ্ছে ও ফুয়েল কনজামশন বেড়ে গিয়েছে। ফলে বিভাগীয় মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ ব্যাহত হচ্ছে। সেই কারনে বিভাগীয় মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ স্বাভাবিক রাখার লক্ষ্যে জরুরী ভিত্তিতে অত্র বিভাগে ঢাকা মেট্রো-ঠ-১১-৪৮০৩ ডাবল কেবিন পিক-আপ গাড়িটির ইঞ্জিন ওভারহোলিংসহ মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ করা প্রয়োজন।

সংযুক্তিসমূহ (৬):

- ১। পাগলা পয়ঃশোধনাগার বিভাগের ২০২৪-২৫ অর্থ বছরের প্রাক্কলিত বাজেট বরাদ্দের কপি।
- ২। পাগলা পয়ঃশোধনাগার বিভাগ এর ২০২৪-২৫ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।
- ৩। বিভিন্ন ঠিকাদারী প্রতিষ্ঠান হতে প্রাপ্ত প্রস্তাবনার কপি।
- ৪। ঠিকাদারের প্রয়োজনীয় ডকুমেন্টস।
- ৫। গাড়ি মেরামত কাজের প্রাক্কলন।
- ৬। আলোচ্য কাজের প্রতিবেদন।

অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ২৫/৮/২৪ ১:৫৮ অপরাহ্ন

সেই আলোকে বিভিন্ন ঠিকাদারী প্রতিষ্ঠান হতে প্রাপ্ত কোটেশন, স্পেসিফিকেশন ও দরের তুলনামূলক রিপোর্ট এর ভিত্তিতে “Repair, maintenance & engine overholing of double cabin nissan pick-up(Dhaka Metro-tha-11-4803) under PSTP” শীর্ষক কাজের একটি প্রাক্কলন তৈরী করে উপস্থাপন করা হ’ল। এতে মোট টাকার পরিমাণ দাঁড়িয়েছে ৪,৪৮,৯০০.০০(চার লক্ষ আটচল্লিশ হাজার নয়শত) টাকা মাত্র। উক্ত ক্রয় কাজের খরচ পাগলা পয়ঃশোধনাগার বিভাগের ২০২৪-২৫ অর্থ বছরের রাজস্ব বাজেট বরাদ্দের যানবাহন রক্ষণাবেক্ষণ (কোড ০১-০৪-০১৭) খাত হতে নির্বাহ করা যেতে পারে। আলোচ্য ক্রয় কাজটি চলতি অর্থ বছরের অত্র বিভাগের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার সিরিয়াল নং-১১১; প্যাকেজ নং-G39 তে অন্তর্ভুক্ত আছে। উল্লেখ, কাজ শেষে পুরাতন মালামাল ঢাকা ওয়াসার ভান্ডার বিভাগে জমা দেয়া হবে।

অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ২৫/৮/২৪ ১:৫৯ অপরাহ্ন

আলোচ্য কাজটি পিপিআর-২০০৮ এর বিধি ৭৬(১)(ট) অনুসরণে Direct Procuring Method (DPM) প্রক্রিয়ায় সম্পাদন করা হবে। আলোচ্য ক্রয় কার্যক্রমে Procuring Entity হিসেবে Executive Engineer, PSTP Division, Dhaka WASA কে রাখা হবে। উল্লেখ্য যে, আলোচ্য কাজের চুক্তি বাস্তবায়নসহ যাবতীয় কাজসমূহ Executive Engineer, PSTP Division, Dhaka WASA কর্তৃক সম্পাদিত হবে।

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা

অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ২৫/৮/২৪ ২:০১ অপরাহ্ন


এমতাবস্থায়, উপর্যুক্ত অনুচ্ছেদ ১.০ হতে ১.২ পর্যন্ত বর্ণনার আলোকে ও কর্তৃপক্ষের কাজের স্বার্থে “Repair, maintenance & engine overholing of double cabin nissan pick-up(Dhaka Metro-tha-11-4803) under PSTP” শীর্ষক কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত প্রস্তাবসমূহ সদয় অনুমোদন দেয়া যেতে পারে:-

ক) কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর ৭৬(১)(ট) ধারায় Direct Procuring Method (DPM) প্রক্রিয়ায় মেসার্স আলিম মটর ওয়ার্কস এর মাধ্যমে সম্পাদনের অনুমোদন।

খ) উপস্থাপিত দাপ্তরিক প্রাক্কলন ৪,৪৮,৯০০.০০(চার লক্ষ আটচল্লিশ হাজার নয়শত) টাকা মাত্র টাকা ওয়াসার যানবাহন মেরামত সংক্রান্ত কমিটির মতামত সাপেক্ষে আর্থিক, কারিগরি ও প্রশাসনিক অনুমোদন।


গ) উক্ত কাজের ব্যয়ভার পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ এর ২০২৪-২৫ অর্থ বছরের বরাদ্দকৃত প্রাক্কলিত বাজেটের “যানবাহন রক্ষণাবেক্ষণ (কোড ০১-০৪-০১৭)” খাত হতে ব্যয় নির্বাহের প্রশাসনিক অনুমোদন।

উল্লেখ্য, উপর্যুক্ত প্রস্তাবসমূহ অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী (পরিচালন ও রক্ষণাবেক্ষণ) মহোদয়ের অনুমোদনের আওতাধীন।

		
২৬/৮/২৪ ১১:১১ অপরাহ্ন সম্রাট মিয়া উপ-সহকারী প্রকৌশলী পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ	২৭/৮/২৪ ৮:৫৫ পূর্বাহ্ন মোঃ সাইফুল ইসলাম উপ-বিভাগীয় প্রকৌশলী (চলতি দায়িত্ব) পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ	২৭/৮/২৪ ৮:৫৫ পূর্বাহ্ন মোঃ রাহাত শিকদার নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ

অনুচ্ছেদ ১.৪ - তারিখঃ ২৭/৮/২৪ ১০:৫৯ পূর্বাহ্ন

মতামত প্রদানের জন্য যানবাহন মেরামত সংক্রান্ত কমিটির নিকট প্রেরণ করা যেতে পারে।

		
২৭/৮/২৪ ১০:৫৯ পূর্বাহ্ন মোঃ রাহাত শিকদার নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ	৫/৯/২৪ ১২:০৮ অপরাহ্ন সাদিদ শাহরিয়ার হোসাইনী নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) পি এন্ড ডি (তড়িৎ ও যান্ত্রিক) বিভাগ	৫/৯/২৪ ১২:০৮ অপরাহ্ন শেখ শফিকুল ইসলাম সহকারী প্রকৌশলী (চলতি দায়িত্ব) পি এন্ড ডি (তড়িৎ ও যান্ত্রিক) বিভাগ

অনুচ্ছেদ ১.৫ - তারিখঃ ৯/৯/২৪ ১১:৪৯ পূর্বাহ্ন


আইটেমগুলির প্রয়োজনীয়তা ও বাজারদর যাচাই-বাচাই করতঃ পরবর্তী কার্যক্রম গ্রহন করা যেতে পারে।

	
৯/৯/২৪ ১১:৪৯ পূর্বাহ্ন শেখ শফিকুল ইসলাম সহকারী প্রকৌশলী (চলতি দায়িত্ব) পি এন্ড ডি (তড়িৎ ও যান্ত্রিক) বিভাগ	৯/৯/২৪ ১১:৪৯ পূর্বাহ্ন মোঃ আনিছুর রহমান মন্ডল ট্রান্সপোর্ট অফিসার ট্রান্সপোর্ট খুল

অনুচ্ছেদ ১.৬ - তারিখঃ ১২/৯/২৪ ৪:৩৮ অপরাহ্ন

অনুচ্ছেদ নং ১.০ এর প্রাক্কলনটি যানবাহন টেকনিক্যাল কমিটি কর্তৃক পরীক্ষা নিরীক্ষা করা হইল। বর্তমান বাজার দরের আলোকে প্রাক্কলনটি সংশোধন করা হইল। সংশোধিত প্রাক্কলনে টাকার পরিমাণ সর্বমোট = ৪,১৯,১০০/- (চার লক্ষ উনিশ হাজার একশত) টাকা মাত্র। যাহা সদয় অনুমোদনের নিমিত্তে টেকনিক্যাল কমিটি কর্তৃক সুপারিশ করা হইল। উল্লেখ্য, কাজ শেষে প্রাক্কলনটি Vehicle Software -এ এন্ট্রি করতঃ Post Inspection পূর্বক বিল পরিশোধ করা যেতে পারে।

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা

		
১৮/৯/২৪ ১১:৪৮ পূর্বাহ্ন মোঃ আনিছুর রহমান মন্ডল ট্রান্সপোর্ট অফিসার ট্রান্সপোর্ট পুল	২৩/৯/২৪ ২:০৩ অপরাহ্ন সাদিদ শাহরিয়ার হোসাইনী নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) পি এন্ড ডি (তড়িৎ ও যান্ত্রিক) বিভাগ	২৩/৯/২৪ ২:০৩ অপরাহ্ন মোঃ রাহাত শিকদার নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) পাণলা পয়ঃ শোধনাগার বিভাগ


সংযুক্তিসমূহ (১):
১। সংশোধিত প্রাক্কলন.

অনুচ্ছেদ ১.৭ - তারিখঃ ২৫/৯/২৪ ১১:৩৪ পূর্বাহ্ন

এমতাবস্থায়, উপর্যুক্ত অনুচ্ছেদ ১.০ হতে ১.৬ পর্যন্ত বর্ণনার আলোকে ও কর্তৃপক্ষের কাজের স্বার্থে “Repair, maintenance & engine overholing of double cabin nissan pick-up(Dhaka Metro-tha-11-4803) under PSTP” শীর্ষক কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত প্রস্তাবসমূহ সদয় অনুমোদন দেয়া যেতে পারে:-


- ক) কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর ৭৬(১)(ট) ধারায় Direct Procuring Method (DPM) প্রক্রিয়ায় মেসার্স আলিম মটর ওয়ার্কস এর মাধ্যমে সম্পাদনের অনুমোদন।
- খ) যানবাহন টেকনিক্যাল কমিটি কর্তৃক সংশোধিত প্রাক্কলন ৪,১৯,১০০.০০(চার লক্ষ উনিশ হাজার একশত) টাকা মাত্র এর আর্থিক, কারিগরি ও প্রশাসনিক অনুমোদন।
- গ) উক্ত কাজের ব্যয়ভার পাণলা পয়ঃ শোধনাগার বিভাগ এর ২০২৪-২৫ অর্থ বছরের বরাদ্দকৃত প্রাক্কলিত বাজেটের “যানবাহন রক্ষণাবেক্ষণ (কোড ০১-০৪-০১৭)” খাত হতে ব্যয় নির্বাহের প্রশাসনিক অনুমোদন।

উল্লেখ্য, উপর্যুক্ত প্রস্তাবনাসমূহ অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী (পরিচালন ও রক্ষণাবেক্ষণ) মহোদয়ের অনুমোদনের আওতাধীন।

		
২৫/৯/২৪ ১২:৫১ অপরাহ্ন মোঃ রাহাত শিকদার নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) পাণলা পয়ঃ শোধনাগার বিভাগ	২৫/৯/২৪ ১২:৫৮ অপরাহ্ন মির্জা গোলাম কিবরিয়া তত্ত্বাবধায়ক প্রকৌশলী পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল	২৫/৯/২৪ ১২:৫৮ অপরাহ্ন মুস্তাফিজুর রহমান প্রধান প্রকৌশলী (চলতি দায়িত্ব) প্রধান প্রকৌশলী (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)

অনুচ্ছেদ ১.৮ - তারিখঃ ২৬/৯/২৪ ১:৩২ পূর্বাহ্ন

Okay

		
২৬/৯/২৪ ১:৩৩ পূর্বাহ্ন মুস্তাফিজুর রহমান প্রধান প্রকৌশলী (চলতি দায়িত্ব) প্রধান প্রকৌশলী (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)	২৬/৯/২৪ ৮:৩৫ পূর্বাহ্ন মির্জা গোলাম কিবরিয়া তত্ত্বাবধায়ক প্রকৌশলী পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল	২৬/৯/২৪ ৮:৩৫ পূর্বাহ্ন মোঃ রাহাত শিকদার নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) পাণলা পয়ঃ শোধনাগার বিভাগ

অনুচ্ছেদ ১.৯ - তারিখঃ ২৬/৯/২৪ ১০:২২ পূর্বাহ্ন

ব্যবস্থা নিন।

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা



২৬/৯/২৪ ১০:২২ পূর্বাহ্ন
মোঃ রাহাত শিকদার
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ

২৬/৯/২৪ ১০:২২ পূর্বাহ্ন
সম্মাট মিয়া
উপ-সহকারী প্রকৌশলী
পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা